

ডিসিসিআই/এস্টেট/টে.বো/২০২৩/

এপ্রিল ০৪, ২০২৩

দরপত্র বিজ্ঞপ্তি


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসিসিআই ভবনের নিচতলায় রক্ষিত টেনেন্ট বোর্ডটি সংস্কার ও পুনঃস্থাপনের জন্য সংশ্লিষ্ট অভিজ্ঞ প্রতিষ্ঠানসমূহকে সরে জমিন পরিদর্শন পূর্বক দরপত্র দাখিলের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

কাজের ধারা:

- ০১ বোর্ডের কালো অংশটি ভালোরূপে কালো রঙ করতে হবে,
- ০২ বোর্ডের সেগুন কাঠের অংশ কাঠ পলিশ করতে হবে,
- ০৩ কাঠের উপরে পিতলের ঢলাই রয়েছে যা লেকার রঙ করতে হবে,
- ০৪ DHAKA CHAMBER OF COMMERCE AND INDUSTRY অক্ষরগুলো ৩ এম.এম এ্যাক্রোলিক লেজার কাটিং করতে হবে (কালারঃ গোল্ডেন),
- ০৫ ডিসিসিআই মনোগ্রাম ১১ ইঞ্চি × ১০.৫ ইঞ্চি সাইজের ২৬ গেজি নতুন পিতল সিটে এচিং করতে হবে,
- ০৬ ভাড়াটিয়াদের তালিকার প্লেটগুলো নতুন ২৬ গেজি পিতল সিটে এচিং হবে, এবং
- ০৭ বোর্ডটি বর্তমান পূর্ব পাশ হতে পশ্চিম পাশে নির্ধারিত স্থানে পুনঃস্থাপন করতে হবে।

পূর্নাঙ্গ দরপত্র আগামী ১৩ এপ্রিল ২০২৩ ইং তারিখের মধ্যে ডিসিসিআই:র এস্টেট শাখায় রক্ষিত টেন্ডার বক্সে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। বিলম্ব প্রাপ্ত দরপত্র গ্রহনযোগ্য হবে না।

ডিসিসিআই কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহন কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।



আফসারুল আরিফিন
মহাসচিব